গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
বীর উত্তম এ,কে খন্দকার রোড
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.১৬.০০৩.১৫-১৩২

তারিখঃ ২৬/০৪/২০১৫খ্রিঃ ।
১৩ বৈশাখ ১৪২২ বং

**বিষয়ঃ ভূমিকম্পে ক্ষয়ক্ষতির প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, গত ২৫শে এপ্রিল'২০১৫ তারিখ আনুমানিক দুপুর ১২.১৫ টায় বাংলাদেশে ২ দফায় ভূ-কম্পন অনুভূত হয়। আবহাওয়া অধিদপ্তরে ভূমিকম্প পর্যবেক্ষণ কেন্দ্রের তথ্য মতে ভূমিকম্পের উৎপত্তিস্থল নেপালের স্যামজুংয়ে, যাহা ঢাকা থেকে ৭৪৫ কিঃমিঃ দূরে। ১ম দফার ভূমিকম্পের মাত্রা ছিল ০৭ দশমিক ০৯ এবং ২য় দফায় আরো ০১টি ভূ-কম্পন অনুভূত হয়, উহার তীব্রতা ছিল ৬ দশমিক ৪ ও গভীরতা ছিল ১৫ কিলোমিটার। নেপালের রাজধানী কাঠমান্ডু থেকে ৮১ কিলোমিটার উত্তর-পশ্চিমে ছিল ভূমিকম্পের কেন্দ্রস্থল। ভূমিকম্প সংগঠিত হওয়ার পর পরই তাৎক্ষনিকভাবে বিভিন্ন জেলায় টেলিফোনের মাধ্যমে ক্ষয়ক্ষতির তথ্য সংগ্রহ করা হয়। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিম্নোক্ত জেলাসমূহের তথ্যাদি দেয়া হলোঃ

১। **ঢাকাঃ** জেলা প্রশাসন, ঢাকা সূত্রে জানা যায় যে, ভূমিকম্পে ঢাকা মহানগরীর (১) লালবাগ এলাকার ২১/২৫ এরশাদ কলোনীর ৫ তলা ভবনের কিছু অংশ দেবে গেলে ভবনে বসবাসরত পরিবারগুলোকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে সীলগালা করা হয়। (২) নবাবপুর পুলিশ বক্সের কাছে একটি ৬ তলা ভবন সামান্য হেলে পড়েছে। (৩) বংগবাজার এলাকার বরিশাল প্লাজার পাশে ৫ তলা বিশিষ্ট আলাউদ্দিন ভবনে ফাটল দেখা দিয়েছে। (৪) বারিধারাস্থ হোটেল সারিনা সামান্য হেলে পড়েছে। (৫) মিরপুর-১ নং সেকশনে অবস্থিত ডায়মন্ড গামেন্টস সামানয হেলে পড়েছে বলে বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সূত্রে জানা যায়। (৬) সাভার উপজেলাধীন পৌরসভা এলাকায় আল-মুসলিম নামক গামেন্টস এর শ্রমিকগণ ভূমিকম্প আতংকে তাড়াহুড়া করে নামতে গিয়ে আনুমানিক ৬০-৭০ জন গার্মেন্টস শ্রমিক সামান্য আহত হন। এছাড়া মিশন গ্রুপের একটি গার্মেন্টস এর শ্রমিকগণও তাড়াহুড়ো করে নামতে গিয়ে ১০-১২ জন আহত হয়। (৭) কেরানীগঞ্জ উপজেলাধীন আগানগর ইউনিয়নের হাজী ইয়াকুব আলীর সাত তলা ভবনে সামান্য ফাটল দেখা দিয়েছে বলে জানা যায়। দোহার, নবাবগঞ্জ ও ধামরাই উপজেলায় ভূমিকম্পে কোন ক্ষয়ক্ষতি হয়নি। ভূমিকম্পে ঢাকা মহানগরীর অন্যকোন এলাকায় আর কোন হতাহতের ঘটনা ঘটেনি।

২। **যশোরঃ** জেলা প্রশাসন, যশোর সূত্রে জানা যায় যে, ভূমিকম্পে যশোর শহরে মুসলিম একাডেমী ভবনের দেওয়ালে সামান্য এবং হোটেল হাসান এর ১০ তলা ভবনের দেয়ালে সামান্য ফাটল দেখা দিয়েছে। অন্য কোথাও কোন ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।

৩। **রাজশাহীঃ** জেলা প্রশাসন, রাজশাহী সূত্রে জানা যায় যে, (১) ভূমিকম্পের সময় শহরের মালুপাড়ায় একটি পুরাতন ৩ তলা বিল্ডিং হেলে পড়েছে। (২) পবা উপজেলার চরখড়ি উচ্চবিদ্যালয়ে সামান্য ফাটল দেখা গেছে। (৩) তানোর উপজেলার সাতপুকুরিয়া প্রাথমিক বিদ্যালয়ের দেয়াল ফেটে গেছে। (৪) শহরের বিভিন্ন স্থানের বহুতল ভবন থেকে ভূমিকম্পে নামার সময় ভয়ে ও আতংকে ১৬/১৭ জন মহিলা অজ্ঞান হয়ে পড়ে এবং তৎক্ষনাৎ তাদেরকে হাসপাতালে নেয়া হয়েছে। তাছাড়া আরো ০৫ জন পুরুষ আহত হয়েছে।

৪। **বগুড়াঃ** জেলা প্রশাসন, বগুড়া সূত্রে জানা যায় যে, দুপচাচিয়া উপজেলার মোরশেদা বেগম (৫৫), স্বামীঃ বয়েজ উদ্দিন, সাং-উনাহত সিংড়া, ইউনিয়নঃ ঘোনাহার ভূমিকম্পের সময় দেওয়াল চাপা পড়ে মারা যায়। তাছাড়া সোনাতলা উপজেলা ডাক-বাংলোর সীমানা প্রাচীর ১২০ ফুট নিচে ধ্বসে পড়ে। এছাড়া ০৭টি প্রাথমিক বিদ্যালয়ের, ০১টি মাধ্যমিক বিদ্যালয়ের ও ০১টি ইউনিয়ন পরিষদ ভবনের দেয়ালে ফাটল দেখা যায়।

৫। **ময়মনসিংহঃ** জেলা প্রশাসন, ময়মনসিংহ সূত্রে জানা যায় যে, ভূমিকম্পে ধোবাউড়া কালিকাবাড়ি হাইস্কুলের ১০ জন ছাত্র ২য় তলা থেকে নামার সময় আহত হয়েছে। আহত ০৯ জনের প্রতিজনকে ২,০০০/- টাকা এবং ০১ জনকে ৩,০০০/- টাকা জেলা প্রশাসন থেকে সাহায্য প্রদান করা হয়েছে। আর কোথাও হতে কোন হতাহতের খবর পাওয়া যায়নি মর্মে জানিয়েছেন।

৬। **পঞ্চগড়ঃ** জেলা প্রশাসন, সূত্রে জানা যায় যে, ভূমিকম্পে পঞ্চগড় পৌরসভার বাজারে একটি কাপড়ের দোকানের দেয়াল ভেঙ্গে ০২ জন কর্মচারী আহত হয়েছে এবং তারা চিকিৎসাধীন রয়েছে। আর কোথাও হতে কোন হতাহতের খবর পাওয়া যায়নি মর্মে জানিয়েছেন।।

৭। **গাইবান্ধাঃ** জেলা প্রশাসন, সূত্রে জানা যায় যে, ভূমিকম্পে সুন্দরগঞ্জ উপজেলার ধর্মপুর মহিলা কলেজের ০৭ ফুট উচ্চতা বিশিষ্ট ৩০ ফুট দৈর্ঘ্য ইটের তৈরী সীমানা প্রাচীর ভেঙ্গে পড়েছে। এছাড়া সদর উপজেলার এন.এইচ.মডার্ণ উচ্চ বিদ্যালয়ের পুরাতন দ্বিতল ভবনের ৪টি কক্ষে ফাটল ধরেছে এবং উক্ত ৪টি কক্ষের সিলিং এর কিছু কিছু জায়গায় প্লাস্টার ধসে পড়েছে। ভূকম্পনের সময় উক্ত বিদ্যালয়ের শিক্ষার্থীরা তাড়াহুড়ো করে বের হওয়ার সময় কয়েকজন সামান্য আঘাত প্রাপ্ত হয়। বিদ্যালয়ের উক্ত ৪টি কক্ষে ক্লাস বন্ধ ঘোষনা করা হয়েছে।

উপরোক্ত জেলা সমূহ ছাড়া দিনাজপুর, রংপুর, সিলেট, সুনামগঞ্জ, খুলনা, বাগেরহাট, কুড়িগ্রাম, চট্টগ্রাম, কক্সবাজার, নেত্রকোনা বরিশাল, পাবনা, ঠাকুরগাঁও, বি-বাড়িয়া, নোয়াখালী ও গোপালগঞ্জ জেলায় টেলিফোনিক যোগাযোগ করে জানা যায় উক্ত এলাকায় ভূমিকম্পের ফলে কোন ক্ষয়ক্ষতি হয়নি।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী নির্দেশনা প্রদানের জন্য প্রেরণ করা হলো।

স্বাক্ষরিত/-
২৬-০৪-২০১৫
(মোঃ ইফতেখারুল ইসলাম)
পরিচালক (ত্রাণ)
ফোনঃ ৯৮৬০৩৮৬।
E-mail:islameftekharul@yahoo.com

সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ-**

১। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (তাঁকে এই প্রতিবেদনটি ওয়েবসাইডে Upload করার জন্য অনুরোধ করা হলো)।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সংরক্ষণ নথি।